

PRINT

সমকাল

হাবিপ্রবি ছাত্রীকে যৌন নির্যাতনকারী শিক্ষকের স্থায়ী বহিস্কার দাবি

১৪ ঘণ্টা আগে

দিনাজপুর প্রতিনিধি



দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) ছাত্রীকে যৌন নির্যাতনকারী শিক্ষক রমজান আলীর স্থায়ী বহিস্কারের দাবিতে মানববন্ধন করেছেন শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ নাগরিক সমাজের প্রতিনিধিরা। এ সময় ওই শিক্ষককে বাঁচানোর প্রচেষ্টাকারীদের বিচারেরও দাবি জানান তারা। বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় গেটের সামনে দিনাজপুর-রংপুর মহাসড়কে এই মানববন্ধনের আয়োজন করে হাবিপ্রবি প্রগতিশীল শিক্ষক ফোরাম। এ ছাড়া মানববন্ধনে অংশগ্রহণ করেন দিনাজপুর মহিলা পরিষদ, দিনাজপুর সামাজিক

অনাচার প্রতিরোধ কমিটিসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও নাগরিক সমাজের প্রতিনিধিরা। মানববন্ধনে বক্তব্য দেন প্রগতিশীল শিক্ষক ফোরামের সভাপতি ড. বলরাম রায়, সাধারণ সম্পাদক হারুন-উর রশিদ প্রমুখ।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ডা. ফজলুল হক বলেন, শিক্ষক রমজান আলীকে স্থায়ীভাবে বহিষ্কারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গাফিলতি ছিল না। ওই শিক্ষকের বিরুদ্ধে তার স্ত্রী আদালতে মামলা করেছিলেন। সেই মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত শিক্ষকের সাময়িক বরখাস্ত অব্যাহত থাকবে এবং মামলাটি নিষ্পত্তি হওয়া সাপেক্ষে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে- এমন সিদ্ধান্ত হয়েছিল বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ডের সভায়। এরই মধ্যে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে তার স্ত্রীর করা মামলাটি মীমাংসা হয়েছে। আগামী রিজেন্ট বোর্ডের সভায় বিষয়টি চূড়ান্ত সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হবে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com